# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

## পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (বিএমটি) শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০১২.২৪.০৫ তারিখ: ০৮-০৭-২০২৪ খ্রি.

বিষয়: সিলেট বিভাগের সকল কেন্দ্রে এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০২৪ আগামী ০৯-০৭-২০২৪ খ্রি. তারিখ হতে শুরু করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বন্যা পরিস্থিতির অবনতির কারণে সিলেট বিভাগের ৪ (চার) জেলার (সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ) পরীক্ষা কেন্দ্রের ২০২৪ সালের এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা ০৭-০৭-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত স্থগিত করা হয়েছিল। বর্তমানে বন্যা পরিস্থিতির উন্নতি হওয়ায় পূর্বঘোষিত সময়সূচী অনুযায়ী আগামীকাল ০৯-০৭-২০২৪ খ্রি. তারিখ মঙ্গলবার হতে [দ্বাদশ শ্রেণির হিসাববিজ্ঞান নীতি প্রয়োগ-০২ **(২১৮২৫/১৮২৫)** ও রসায়ন বিজ্ঞান-০২ **(৮১৪২৩)** এবং একাদশ শ্রেণির হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-০১ **(২১৮১৫/১৮১৫)** ও রসায়ন বিজ্ঞান-০১ **(৮১৪১৩)**] ২০২৪ সালের এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা সিলেট বিভাগের সকল কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, স্থগিত বিষয়সমূহের (৩০-০৬-২০২৪ খ্রি. তারিখ হতে ০৭-০৭-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত) পরীক্ষার সময়সূচী বিজ্ঞপ্তির মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

এমতাবস্থায় সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮/৭/24

(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

জেলা প্রশাসক
সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট।
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
৭. উপজেলা নির্বাহী অফিসার, সিলেট বিভাগের সকল উপজেলা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. কেন্দ্র সচিব/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০২৪ এর সিলেট বিভাগের সকল কেন্দ্র।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১১. অফিস নথি।

(মো: জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড